



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 6  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : বিপরীতার্থক শব্দ

Date : 09.05.2020

১) নীচের শব্দগুলির বিপরীতার্থক শব্দ লিখে বাক্য রচনা কর।

শব্দ	বিপরীত শব্দ	বাক্য
ক) পরিশ্রমী —	অলস —	আমার দাদা <u>অলস</u> প্রকৃতির।
খ) চঞ্চল —	শান্ত —	সুমিতার বোন খুব <u>শান্ত</u> ।
গ) দেশ —	বিদেশ —	রিয়ার বাবা <u>বিদেশে</u> থাকেন।
ঘ) কুৎসিত —	সুন্দর —	টিনা খুব <u>সুন্দর</u> নাচ করে।
ঙ) নিন্দা —	প্রশংসা —	অমলবাবুর ভালো ব্যবহারের জন্য পাড়ার সবাই তার <u>প্রশংসা</u> করে।
চ) শত্রু —	বন্ধু —	আমরা <u>বন্ধুরা</u> মিলে গতকাল পিকনিকে গিয়েছিলাম।

২) বন্ধনী থেকে সঠিক বিপরীতার্থক শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে লেখ।

(বক্র, গরল, পুণ্য, প্রস্থান, বিষাদ, নিরাশা)

ক) প্রবেশ —	<u>প্রস্থান</u>
খ) আনন্দ —	<u>বিষাদ</u>
গ) সরল —	<u>বক্র</u>
ঘ) পাপ —	<u>পুণ্য</u>
ঙ) আশা —	<u>নিরাশা</u>
চ) অমৃত —	<u>গরল</u>

৩) নীচের শূন্যস্থানগুলি শব্দ ও তার বিপরীতার্থক শব্দ যোগে পূরণ কর।

- ক) আসল নকল চিনে তবেই জিনিস কিনবে।  
খ) সবল অনেক সময় দুর্বলের ওপর অত্যাচার করে।  
গ) যার আদি আছে তার অন্তও আছে।

৪) নীচের অংশটি পড়ে উত্তর লেখ।

উত্তরে হাওয়া আর সূর্যের মধ্যে শক্তি নিয়ে তর্ক - বিতর্ক। এ বলে আমি শক্তিশালী, ও বলে আমি শক্তিশালী। হঠাৎ তাদের নজরে পড়লো এক পথিক পথ চলছে। তারা বাজী ধরলো পথিককে যে কাপড় খুলতে বাধ্য করতে পারবে সে জয়ী হবে। উত্তরে হাওয়াই আগে চেষ্টা করবে ঠিক হলো। হাওয়া বইতে লাগলো জোরে, ভীষণ জোরে। হাওয়ায় পথিক তার গায়ের কাপড় আঁকড়ে ধরে রাখলো। ঠাণ্ডা বাতাসের দাপটে সে একটা চাদর গায়ে জড়িয়ে নিল। উত্তরে হাওয়া ক্লান্ত হয়ে সূর্যকে বললো, নাও এবার তুমি চেষ্টা করে দেখো। সূর্য তখন মিষ্টি রোদ ছড়িয়ে দিলো পৃথিবীতে। একটু পরে রোদ বাড়লে পথিক তার গায়ের চাদর খুলে ফেললো। গরমে অস্থির হয়ে থাকতে না পেরে কাপড় জামা খুলে নদীতে স্নান করতে নামলো।

ক) কাদের মধ্যে তর্ক - বিতর্ক হয়েছিল?

উঃ উত্তরে হাওয়া আর সূর্যের মধ্যে তর্ক - বিতর্ক হয়েছিল।

খ) তারা কী বাজী ধরেছিল?

উঃ তারা বাজী ধরেছিল পথিককে যে কাপড় খুলতে বাধ্য করতে পারবে সে জয়ী হবে।

গ) রোদ বাড়ায় পথিক কী করেছিল?

উঃ রোদ বাড়ায় গরমে অস্থির হয়ে পথিক তার গায়ের চাদর আর জামা কাপড় খুলে নদীতে স্নান করতে নেমেছিল।

ঘ) শূন্যস্থান পূরণ কর।

হাওয়ায় পথিক তার গায়ের কাপড় আঁকড়ে ধরে রাখলো।

ঙ) বাক্য রচনা কর : 'পৃথিবী'

পৃথিবী — পৃথিবীতে তিন ভাগ জল আর এক ভাগ স্থল।

Rita Das

\_\_\_\_\_ X \_\_\_\_\_